চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২
রাউজান,চট্টগ্রাম।
web: pbs2.chittagong.gov.bd
মানব সম্পদ বিভাগ

নম্বর: ২৭.১২.১৫৭৪.৫২৯.০২.০০৮.২১.৪২৬০

তারিখ: ১০ ভাদ্র ১৪২৮
২৫ আগস্ট ২০২১

## আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি।

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ বিলিং সুপারভাইজার এর শূন্য পদ পুরণের লক্ষে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিলিং সহকারী পদে যারা পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪, ৩০০-৫১ এর আলোকে পদোন্নতির যোগ্যতা অর্জন করেছেন তাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে যথাযথ কতৃপক্ষের মাধ্যমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| পদের নাম | বেতন ও অন্যান্য ভাতা | প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| **বিলিং সুপারভাইজার** | পবিস বেতন কাঠামো ২০১৬ ও ০১ জুলাই'২০২১ এবং পবিস নির্দেশিকা ৩০০-১৩, ৩০০-১৭ অনুযায়ী বেতন ভাতাদি ও অন্যান্য সুবিধা প্রদান করা হবে। | (ক) বিলিং সহকারী পদে যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে নিয়মিত হিসেবে কমপক্ষে ০৭(সাত) বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।<br>(খ) বিলিং কম্পিউটার, সার্ভার এবং অফিসের অন্যান্য যন্ত্রপাতি পরিচালন ও রক্ষনা-বেক্ষনে অবশ্যই সক্ষম হতে হবে।<br>(গ) প্রতি মিনিটে বাংলায় ১০ ও ইংরেজীতে ৩০ শব্দ টাইপ করার সক্ষমতা থাকতে হবে।<br>(ঘ) সংশ্লিষ্ট পদের সর্বশেষ ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।<br>(ঙ) পদোন্নতির ক্ষেত্রে চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কর্মচারী চাকুরী বিধি, ১৯৯২ (সংশোধিত-২০১২) ও পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী সকল শর্তসমূহ পূরণ হতে হবে। |

**শর্তাবলীঃ**

| | |
|---|---|
| ০১। | আবেদনের নিয়মাবলীঃ |
| | আবেদনকারীকে পদের নাম উল্লেখ করে লিখিত আবেদনপত্রে (ক) নিজের নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) বিলিং সহকারী পদে যোগদান ও নিয়মিতকরণের তারিখ (পবিসের নাম ও পদবীসহ) উল্লেখপূর্বক আগামী ১১-০৯-২০২১ খ্রিঃ তারিখ রোজ শনিবার সকাল ১০:০০ ঘটিকার সময় চট্টগ্রাম পবিস-২ এর সদর দপ্তর, রাউজান, চট্টগ্রামে স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহন করতে হবে। আবেদনপত্রের সাথে সংযুক্ত সকল সনদপত্রের/প্রমাণপত্রের ফটোকপি সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার অথবা এজিএম(এইচআর/প্রশাসন) কর্তৃক সত্যায়িত হতে হবে। |
| ০২। | প্রার্থী কর্তৃক আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবেঃ |

| | |
|---|---|
| | (ক) বিলিং সহকারী পদে যোগদান ও নিয়মিতকরণ পত্রের সত্যায়িত কপি।<br>(খ) জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি।<br>(গ) নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি।<br>(ঘ) ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।<br>(ঙ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত কপি।<br>(চ) প্রার্থীর পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রশিক্ষনে কৃতকার্য হওয়ার প্রমানপত্রের সত্যায়িত ফটোকপি।<br>**(ছ) বিগত ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়ন প্রতিবেদন এর সত্যায়িত কপি।**<br>**(জ) আবেদন করতে ইচ্ছুক প্রার্থীগণকে কর্মরত পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজারের সুপারিশ ও বিনা আপত্তির সনদপত্রে প্রার্থী বিগত ০৫ (পাঁচ) বছরে পবিসের চাকুরীতে কোন দন্ড প্রাপ্ত হয়ে থাকলে তার বিবরণ ও কোন দন্ড প্রাপ্ত না হয়ে দন্ড প্রদান হয়নি মর্মে এবং বর্তমানে বিভাগীয় কার্যধারা চলমান না থাকার বিষয়ে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত প্রত্যায়ন পত্রের কপি।** |
| **০৩।** | পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নহে, তবে অত্র পবিস এর ভৌগলিক এলাকা অর্থাৎ রাউজান, রাঙ্গুনিয়া, ফটিকছড়ি ও হাটহাজারী উপজেলার মাদার্শা ইউনিয়ন এর দক্ষিণ বাড়িয়া ঘোনা, পশ্চিম বাড়িয়া ঘোনা, খলিফা ঘোনার স্থায়ী বাসিন্দাগণের আবেদন করার প্রয়োজন নেই। |
| **০৪।** | অত্র পবিসের এলাকা পরিচালক/মহিলা পরিচালক বা কর্মকর্তা/কর্মচারীদের স্বামী/স্ত্রী বা তাদের রক্ত সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই। |
| **০৫।** | পদোন্নতি প্রদান, জ্যেষ্ঠতা নির্ধারণ ও আর্থিক সুবিধাদি প্রদানের ক্ষেত্রে সংশোধিত পবিস নির্দেশিকা এবং চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কর্মচারী চাকুরী বিধি, ১৯৯২ (সংশোধিত-২০১২) এবং ধারা ৭, ১৪ এবং ১৬ প্রতিপালন করা হবে। |
| **০৬।** | বর্ণিত পদে কোন কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হলে তিনি তা বাতিলের আবেদন/প্রত্যাখ্যান করতে পারবেন না। |
| **০৭।** | পদোন্নতির মাধ্যমে নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য চলতি দায়িত্ব প্রদান করা হবে। চলতি দায়িত্বে থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনকসহ সংশোধিত পবিস নির্দেশিকা অনুযায়ী অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে ফেরৎ যেতে হবে। |
| **০৮।** | যে কোন আবেদনপত্র বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। |
| **০৯।** | কোন প্রার্থী তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই চাকুরীচ্যুত করা হবে এবং দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে। |
| **১০।** | প্রার্থী এ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত কোন শর্ত/সংযুক্তি সরবরাহ করতে ব্যর্থ হলে অর্থাৎ ভুল/অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। |
| **১১।** | **পদোন্নতির জন্য নিম্নবর্ণিত বিভাগীয় প্রার্থীকে বিবেচনা করা হবে না।**<br>(ক) সর্বশেষ ০৩ (তিন) বছর কোনরুপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;<br>(খ) সর্বশেস ০১ (এক) বছর কোনরুপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;<br>(গ) বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিক বার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;<br>(ঘ) বিগত ০৪ (চার) বছরের ভিতর একবার গুরদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;<br>(ঙ) বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিক বার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;<br>(চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহন করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন।<br>(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময়কালে কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না।<br>(জ) কোন কর্মচারীর বিরুদ্ধে দপ্তর কতৃক ফৌজদারী মামলা চলমান থাকলে তিনি তৎসময়ে পদোন্নতির জন্য বিবেচিত হবেন না। |
| **১২।** | প্রার্থীগণকে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ ডিএ প্রদান করা হবে না। |
| **১৩।** | শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে। |

২৫-৮-২০২১

এম. এম. আবুল কালাম আজাদ

জেনারেল ম্যানেজার

নম্বর: ২৭.১২.১৫৭৪.৫২৯.০২.০০৮.২১.৪২৬০/১

তারিখ: ১০ ভাদ্র ১৪২৮
২৫ আগস্ট ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

২) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণ অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৩) পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর , বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড(বাপবিবোর ওয়েসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৫) সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার, সকল পবিস।

৬) ডেপুটি জেনারেল ম্যানেজার, (ফটিকছড়ি/আজাদী বাজার/নোয়াপাড়া/রাঙ্গুনিয়া/কারিগরী) জোনাল অফিস, চপবিস-২।

৭) এজিএম, চট্টগ্রাম পবিস-২।

৮) এজিএম (অর্থ-রাজস্ব) (অতিরিক্ত দায়িত্ব), অর্থ (রাজস্ব) বিভাগ, চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২

৯) সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-১), মানব সম্পদ বিভাগ, চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২(পবিসের ওয়েসাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো)।

১০) সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-২), মানব সম্পদ বিভাগ, চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২

১১) নোটিশ বোর্ড চপবিস-২।

১২) অফিস নথি।

২৫-৮-২০২১
এম. এম. আবুল কালাম আজাদ
জেনারেল ম্যানেজার